আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) আসামের রাজ্যসভার দুটি আসনের জন্য প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী রামেশ্বর তেলী ও প্রাক্তন বিধায়ক মিশনরঞ্জন দাসকে বিজেপির প্রার্থিত্ব প্রদান। আগামীকাল মনোনয়ন দাখিলের শেষ দিন।

২) রাজ্যের ধলাই সহ ৫ টি বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য ফোটোযুক্ত ভোটার তালিকা প্রকাশ।

৩) কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয়ের চিকিৎসালয়ে সুরক্ষা বৃদ্ধি করতে কেন্দ্রীয় সরকারের অধীন সব চিকিৎসালয় ও প্রতিষ্ঠানের প্রধানদের পত্র প্রেরণ।

এবং

৪) পুলিশ সঞ্চালক প্রধান জিপি সিং এর গুয়াহাটি ও লখিমপুরে বোমা উদ্ধারের ঘটনার তদন্ত জাতীয় তদন্ত সংস্থা এনআইএ-কে হস্তান্তর করার কথা ঘোষণা।

---

আসামের রাজ্যসভার দুটি আসনের জন্য প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী রামেশ্বর তেলী ও প্রাক্তন বিধায়ক মিশন রঞ্জন দাসকে বিজেপি প্রার্থিত্ব প্রদান করেছে । আগামীকাল রাজ্যসভার নির্বাচনের জন্য মনোনয়ন দাখিলের শেষ দিন । এপর্যন্ত বিরোধী দল রাজ্যসভার

নির্বাচনের জন্য প্রার্থী ঘোষণা করেনি । উল্লেখ্য আজ এসম্পর্কে আলোচনার জন্য নতুন দিল্লীতে কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে আসাম রাজ্য বিজেপির সভাপতি ভবেশ কলিতা ও মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মার এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে । বৈঠকের পর রাজ্য বিজেপির সভাপতি আজ রাজ্যসভার দুটি আসনের জন্য প্রার্থী দুজনের নাম চূড়ান্ত করার বিষয়ে ঘোষণা করেন । উল্লেখ্য আসাম রাজ্য বিজেপির এই আসন দুটির জন্য প্রেরণ করা ১০ জনের তালিকা সম্পর্কে আজ বিস্তারিত আলোচনা করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার ৫ টি আসনের উপ নির্বাচনের জন্য আজ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে । ধলাই ,বিহালী , বঙ্গাইগাঁও ,সামগুড়ি ও সিদলী আসনের জন্য ফটোযুক্ত ভোটার তালিকা প্রকাশ করা হয় ।

-----------------------------------------------------------------------------------

ধলাই তপশিলি সংরক্ষিত বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য ফটোযুক্ত চূড়ান্ত ভোটার তালিকা আজ আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়েছে । জেলা প্রশাসন থেকে এই চূড়ান্ত ভোটার তালিকা জনসাধারনকে প্রত্যক্ষ করানোর জন্য জেলার মূখ্য নির্বাচনী আধিকারীক , ভোটার পঞ্জীয়ক আধিকারীক এবং বিধানসভা কেন্দ্রের সব কটি ভোট গ্রহন কেন্দ্রে রাখা হয়েছে বলে জানানো হয়েছে । উল্লেখ্য ধলাই তপশিলি সংরক্ষিত বিধানসভা কেন্দ্রের ২০৮টি ভোট গ্রহন কেন্দ্রে এক লক্ষ ৯৭ হাজার ৬শ ৪২ জন ভোটার রয়েছেন । এরমধ্যে ৯৯ হাজার ৭শ ৫৮ জন পুরুষ এবং ৯৭ হাজার ৮শ ৮৩ জন মহিলা সহ একজন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । চলতি বছরের ৩০শে জুলাই প্রকাশিত খসড়া ভোটার তালিকা থেকে ৩৩০ জন বাদ পড়েছেন এবং ১২শ ভোটারকে অর্ন্তভুক্ত করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রনালয় চিকিৎসালয়ে সুরক্ষা বৃদ্ধি করতে কেন্দ্রীয় সরকারের অধীনে সব চিকিৎসালয় ও চিকিৎসা প্রতিষ্ঠানগুলির প্রধানদের পত্র প্রেরণ করেছে ।এই পত্রে মন্ত্রনালয় চিকিৎসালয়গুলির আগমন , প্রস্থান , করিডর ও স্পর্শকাতর এলাকাগুলি সহ গুরুত্বপূর্ন স্থানগুলিতে পর্যাপ্ত সংখ্যক উচ্চ রিজলিউশনের সি সি টি ভি কেমেরা বসানোর নির্দেশ দিয়েছে । জরুরীকালীন অবস্থায় তাৎক্ষনিক সহায়তার জন্য একটি নিয়ন্ত্রন কক্ষ স্থাপন করতে ও পত্রে বলা হয়েছে ।এছাড়া পত্রে চিকিৎসা প্রাংগনে নিরীক্ষণ , টহল ও পর্যবেক্ষণের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণপ্রাপ্ত সুরক্ষা কর্মী নিয়োগ করা উচিত বলে ও উল্লেখ করা হয়েছে ।মন্ত্রনালয় পরিচয় পত্র দেখাবার পর কতৃত্বশীল কর্মচারীদের প্রবেশ ও প্রস্থানের অনুমতি দিতে পরামর্শ দিয়েছে ।অন্যদিকে চিকিৎসালয়ে

আসা সব লোকের নিরীক্ষণের জন্য পর্যাপ্ত ব্যবস্থা করা উচিত বলে উল্লেখ করা হয়েছে ।এছাড়া চিকিৎসক , নার্স ও প্রশাসনিক কর্মচারী সহ সকলকে সুরক্ষার অব্যবস্থা শনাক্ত করা ও সেই অনুযায়ী সহায়তার জন্য প্রশিক্ষণ প্রদান করতে বলা হয়েছে । তাদেরকে জরুরীকালীন পরিস্থিতির মোকাবিলা করতে দক্ষ করে তুলতে বলা হয়েছে ।  চিকিৎসা প্রতিষ্ঠান প্রাংগনে অন্ধকার হয়ে থাকা স্থানগুলি নিরীক্ষণ করা ছাড়া ও মহিলা স্বাস্থ্যকর্মীর কাজের স্থান , যানবাহন রাখার স্থান ও প্রবেশ দ্বারে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে পরামর্শ দেওয়া হয়েছে । কোনো অনাকাংক্ষিত ঘটনা সংঘটিত হলে স্থানীয় পুলিশ ও জরুরীকালীন সেবার সংগে সমন্বয় সুনিশ্চিত করে মহিলা স্বাস্থ্যকর্মীদের সবধরনের বুনিয়াদী সুযোগ সুবিধা থাকা নিরাপদ কাজ সম্পাদন কক্ষ প্রদান করতে মন্ত্রালয় পত্রে উল্লেখ করেছে । এছাড়া স্বাস্থ্য মন্ত্রনালয় বিভিন্নধরনের জরুরী অবস্থার মোকাবিলা করার জন্য সর্বাত্মক পরিকল্পনা গ্রহণ করার পরামর্শ প্রদান করেছে ।

---

কেন্দ্রীয় সরকারের প্রকাশ করা তথ্য অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে ৭ কোটি ৩০ লক্ষ ইন্টারনেট গ্রাহক ও ৭ কোটি ৭০ লক্ষ ব্রডবেন্ড সেবার গ্রাহক সংযুক্ত হয়েছে । যোগাযোগ মন্ত্রনালয়ের সূত্র অনুযায়ী ঐ সময়কালে ৮৮ কোটি থেকে ৯৫ কোটির ও বেশী গ্রাহক ইন্টারনেটের সেবা লাভ করেছে ।এই অর্থবছরে ভারতীয় টেলিকম ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নয়ন হয়েছে । ভারতীয় টেলিকম নিয়ন্ত্রণ কতৃপক্ষের বার্ষিক প্রতিবেদন অনুযায়ী দেশে টেলিফোন গ্রাহকের সংখ্যা গত বছরের মার্চ থেকে এবছরের মার্চ মাস পর্যন্ত ১১৭ কোটি থেকে ১২০ কোটি তে বৃদ্ধি পেয়েছে ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ ধারাবাহিক বৃষ্টিপাতের আশংকা করে উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলির জন্য ওরেঞ্জ এলার্ট জারি করেছে ।সূত্রে রাজ্যের বিভিন্ন স্থানে আগামীকাল ধারাবাহিক বৃষ্টি হোয়ার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে ।

এদিকে গতকাল রাত থেকে ধারাবাহিক বৃষ্টির ফলে রাজ্যের বিভিন্ন প্রান্তের সংগে গৌহাটীতে ও বেশ কিছু অঞ্চল কৃত্রিম বন্যার কবলে পড়েছে । গৌহাটীর হাতীগাও , রুক্মিনীনগর , পাঞ্জাবারী , নবীন নগর , অনিল নগর , চানমারি ইত্যাদি অঞ্চল কৃত্রিম বন্যার কবলে পড়েছে ।

---

পুলিশ সঞ্চালক প্রধান জি পি সিং গৌহাটী ও লক্ষীমপুরে বোমা উদ্ধারের ঘটনার তদন্ত জাতীয় তদন্ত সংস্থা এন আই এ কে হস্তান্তর করার কথা ঘোষণা করেছেন। গৌহাটীতে আজ এক সাংবাদিক সম্মেলনে পুলিশ সঞ্চালকপ্রধান একথা জানান । তিনি বলেন যে

বোমা উদ্ধারের ঘটনা সম্পর্কে মোট ১০ টি মামলা দায়ের করা হয়েছে । এরমধ্যে গৌহাটী তথা লক্ষীমপুরে বোমা উদ্ধরের ঘটনার তদন্ত এন আই এর কাছে হস্তান্তর করার জন্য রাজ্যসরকারকে পত্র প্রেরণ করা হয়েছে বলে শ্রী সিং জানান । তিনি বলেন যে শিবসাগরে বোমা উদ্ধারের ঘটনার তদন্ত অগ্রসর হয়েছে এবং বোমা রেখে যাওয়া যুবক সহ চারজন লোককে ইতিমধ্যে আটক করা হয়েছে । তবে তিনি তদন্তের খাতিরে বিস্তারিত তথ্য প্রকাশ করা থেকে বিরত থাকেন । পুলিশ সঞ্চালকপ্রধান রাজ্যে শান্তি শৃঙ্খলা ব্যাহত হয়নি এবং কোনো কারণে তা ব্যাহত হওয়া উচিত নয় বলে স্পষ্ট করে দিয়েছেন । সেইসঙ্গে তিনি আইন ভঙ্গ করলে অথবা বিশৃঙ্খল পরিবেশের সৃষ্টি করলে পুলিশ কঠোর ব্যাবস্থা গ্রহণ করবে বলে সতর্ক করে দিয়েছেন । এক্ষেত্রে কোনো লোকের কোনো অভিযোগ থাকলে তা সরকারকে অবগত করতে তিনি আহ্বান জানান ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস আজ করিমগঞ্জ সফরে এসে জেলার রামকৃষ্ণনগর উন্নয়ন খন্ডের কার্যালয়ে খাদ্য সরবরাহ ও গ্রাহক বিষয়ক বিভাগের বিভিন্ন কাজের জন্য একটি পর্যালোচনা সভায় পৌরহিত্য করেন । এছাড়া তিনি রাতাবাড়ী বিধানসভা এলাকার হরিনগর গ্রাম পঞ্চায়েতের রাজনগর গ্রামে সি সি ব্লক নির্মিত রাস্তার কাজ পরিদর্শন করেন এবং দুর্লভছড়া উন্নয়ন খন্ডের লালচড়া গ্রাম পঞ্চায়েতে অনুষ্ঠিত ব্লক স্তরের সভায় উপস্থিত হয়ে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা , প্রধানমন্ত্রী আবাস যোজনা আবাসন নির্মাণ ,রেশন কার্ড ,এম জি এনরেগা সহ বিভিন্ন কাজের পর্যবেক্ষণ করেন । মন্ত্রীর সঙ্গে আজ বিধায়ক বিজয় মালাকার ,জেলা বিজেপি সভাপতি সুব্রত ভট্টাচার্য ,করিমগঞ্জ জেলা পরিষদের মূখ্য নির্বাহী আধিকারিক লক্ষীনন্দ সাহানিয়া প্রমূখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

ধলাই-র মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় নতুন বাজার এফ সি ৩-১ গোলে ফাওয়া এফ সি দলকে পরাজিত করেছে ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় মণিপুরী ওয়েলফেয়ার সোসাইটি খেলবে কর্কট এফ সি দলের বিরুদ্ধে ।

--------------------------------------------------------------------------------

পালংঘাটের মাতা সংঘ ক্লাব আয়োজিত ডক্টর শ্যামা প্রসাদ মুর্খাজী স্মৃতি প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় ডেফলিপার এফ সি ১-০ গোলে সুন্দরী পার্ট-২ এফ সি-কে পরাজিত করে । স্থানীয় চৈতন্য চরন জগৎ চন্দ্র উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় পুনিরমুখ এন স্টোর এফ সি খেলবে আমড়াঘাটের ১১ ব্রাদার্স এফ সি-র বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আজ বিভিন্ন কার্য্যসূচীর মাধ্যমে বিশ্ব মশা দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে সকালে করিমগঞ্জ সিভিল হাসপাতাল থেকে একটি সচেতনতা র‍্যালী বের হয়ে শহর পরিক্রমা করে । পরে সরস্বতি বিদ্যা নিকেতন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে মশা বাহিত রোগ সম্পর্কে একটি তথ্যমূলক কর্মসূচী অনুষ্ঠিত হয় । এছাড়া  ম্যালেরিয়া , ডেঙ্গু এবং চিকুন গুনিয়ার মতো রোগ সম্পর্কে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------